



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে 'সম্মিলিত মুক্তিযোদ্ধা ফোরাম'



মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে 'সম্মিলিত মুক্তিযোদ্ধা ফোরাম' উদ্যোগে আগামী ১৮ ডিসেম্বর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এ উপলক্ষে উক্ত অনুষ্ঠান আয়োজনের প্রধান উপদেষ্টা ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে গোন্ডারিয়া, সুত্রাপুর এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনের প্রতিনিধিদের এক সভা ২৬ নভেম্বর-২০১৭, রবিবার উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, সম্মিলিত মুক্তিযোদ্ধা ফোরাম-এর সভাপতি এ এম. শফিউর রহমান দুলু, ৪৬নং ওয়ার্ড কাউন্সিলর শহিদউল্লাহ মিনু, ফজলুল হক মহিলা বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ দিলারা খানমসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে আগামী ১৮ ডিসেম্বর ধূপখোলাস্থ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে মুক্তিযোদ্ধা ও শিক্ষার্থীদের সমাবেশ এবং মেয়র সাঈদ খোকন কমিউনিটি সেন্টারে মুক্তিযোদ্ধা সংবর্ধনা ও সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।